তারিখ 17 NOV 2016
পৃষ্ঠা ৩ কলাম ৭

যুগান্তর

রোববার সমাপনী পরীক্ষা শুরু

# পরীক্ষার্থী কমেছে ৩০২২৬ জন

**যুগান্তর রিপোর্ট**

প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী (পিইসি) পরীক্ষায় অংশগ্রহণকারীর সংখ্যা কমছে। গত বছর অংশগ্রহণকারী ছিল মোট ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ জন। এ বছর অংশ নিচ্ছে ৩২ লাখ ২৪ হাজার ২৮৮ জন। এই হিসেবে এবার পরীক্ষার্থী কমেছে ৩০ হাজার ২২৬ জন। এই পদ্ধতিতে পরীক্ষা চালু হওয়ার পর গত ৭ বছর পরীক্ষার্থী বাড়ছিল। কিন্তু অষ্টম বছরে এসে পরীক্ষার্থী কমল। সংখ্যা সামনে আরও কমবে বলে জানিয়েছেন

■ পৃষ্ঠা ৭ : কলাম ২

# পরীক্ষার্থী কমেছে ৩০২২৬ জন

(৩য় পৃষ্ঠার পর)

সংশ্লিষ্টরা। আগামী রোববার এই পরীক্ষা শুরু হচ্ছে। পরীক্ষা সামনে রেখে আজ দুপুরে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে।

পরীক্ষার্থী হ্রাসের বিষয়ে জানতে চাইলে প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) মহাপরিচালক মো. আলমগীর বলেন, এর একটি কারণ হল জনসংখ্যা বৃদ্ধির হার কমে যাওয়া। এই ধারা অব্যাহত থাকলে আগামী কয়েক বছর পর পরীক্ষার্থীর সংখ্যা আরও কমবে। তবে তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা এবং গণসাক্ষরতা অভিযানের (ক্যাম্পে) নির্বাহী পরিচালক রাশেদা কে চৌধুরীর মতে, 'পরীক্ষার্থী কমার অন্যতম কারণ হল অতিব্যয়। আমাদের অনেক স্কুলে পাঠদানের সমস্যা আছে। পরীক্ষা সামনে রেখে সন্তানকে কোচিং ও প্রাইভেট পড়াতে হয়। তাই খরচ দিন দিন বাড়ছে। দরিদ্র মানুষের অনেকেই এর সঙ্গে খাপ খাওয়াতে পারছে না। এ অবস্থা চলতে থাকলে ভবিষ্যতে পরীক্ষার্থী আরও কমে যাবে।' নাম প্রকাশ না করে একাধিক প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জানিয়েছেন, মাধ্যমিকের সৃজনশীল পদ্ধতি 'যোগ্যতাভিত্তিক' প্রশ্ন নামে প্রাথমিকে চাপিয়ে দেয়া হয়েছে। অন্তত ৭০ শতাংশ শিক্ষকই এই পদ্ধতি বোঝেন না। সেখানে শিক্ষার্থীদের অবস্থা আরও করুণ। এ কারণে প্রাইভেট কোচিং ও গাইড বাণিজ্য এখন রমরমা। শিক্ষা ব্যয় গরিবের পক্ষে বহন করা সম্ভব হচ্ছে না।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, এ বছর সমাপনী পরীক্ষায় সর্বমোট ৩২ লাখ ২৪ হাজার ২৮৮ জন অংশ নিচ্ছে। এর মধ্যে প্রাথমিকে ২৯ লাখ ৩০ হাজার ৫৭৩ জন এবং ইবতেদায়িতে ২ লাখ ৯৩ হাজার ৭১৫ জন। গত বছর দুই পরীক্ষায় মোট ৩২ লাখ ৫৪ হাজার ৫১৪ জন শিক্ষার্থী নিবন্ধন করে। এর মধ্যে প্রাথমিক সমাপনীতে ২৯ লাখ ৪৯ হাজার ৬৩ এবং ইবতেদায়িতে ৩ লাখ ৫ হাজার ৪৫১ জন। সেই হিসাবে এ বছর পরীক্ষার্থী কমেছে ৩০ হাজার ২২৬ জন।

**পরীক্ষার সময়সূচি :** রোববার প্রাথমিক সমাপনীতে ইংরেজি পরীক্ষা হবে। পরদিন ২১ নভেম্বর বাংলা, ২২ নভেম্বর বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ২৩ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৪ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা ও ২৭ নভেম্বর গণিত পরীক্ষা হবে। আর ইবতেদায়ি সমাপনীতে ২০ নভেম্বর ইংরেজি, ২১ নভেম্বর বাংলা, ২২ নভেম্বর বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ২৩ নভেম্বর আরবি, ২৪ নভেম্বর কোরআন মাজিদ ও তাজবিদ এবং আকাইদ ও ফিকহ্, ২৭ নভেম্বর গণিত পরীক্ষা হবে।